

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মুখ্যপত্র

www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখ্যপত্র/০২/২০২৪/৬৭

তারিখ:

২২ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ

০৭ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: পুঁজিবাজার সম্পৃক্ত বিষয়ে গুজব বা অসত্য তথ্য প্রকাশ বা প্রচারে সতর্কীকরণ প্রসঙ্গে।

দেশের পুঁজিবাজার ও অর্থনৈতিক অস্থিতিশীল করতে সাম্প্রতিক সময়ে ইচ্ছাকৃতভাবে বিভিন্ন ধরণের অপতথ্য ও গুজব ছাড়ানোর অপচেষ্টা চলছে যা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর দৃষ্টিগোচর হয়েছে। সামাজিক যোগাযোগ মাধ্যমসহ অনলাইন প্ল্যাটফর্মে পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে উদ্দেশ্য প্রণোদিতভাবে প্রকাশিত ও প্রচারিত এসব ভিত্তিহীন গুজব ও অসত্য তথ্য প্রকৃতপক্ষে সঠিক নয় এবং সম্পূর্ণ ভিত্তিহীন। সামাজিক যোগাযোগ মাধ্যমসহ সাইবার ও অনলাইন পরিসরে পুঁজিবাজার সংশ্লিষ্ট বিষয়ে অপ্রকাশিত তথ্য (undisclosed information) প্রকাশ, শেয়ার দরের পূর্বাভাস কিংবা ভবিষ্যদ্বাণী (price forecasting or prediction) ইত্যাদিসহ যেকোন ধরণের অসত্য তথ্য ও গুজব ছাড়ানো আইনত শাস্তিযোগ্য অপরাধ। পুঁজিবাজার ও বিনিয়োগকারীদের স্বার্থে পুঁজিবাজার সংশ্লিষ্ট সকলকে এধরণের গুজব ও অসত্য তথ্য প্রকাশ কিংবা প্রচার থেকে সম্পূর্ণরূপে বিরত থাকার অনুরোধ জানানো হচ্ছে। গবেষণা ও বিশ্লেষণ লক্ষ তথ্য উপাত্তে ব্যতিত ও যথাযথ বিশ্লেষণ বা অ্যানালাইসিস ব্যতিরেকে পুঁজিবাজারের সম্পর্কে ভিত্তিহীন তথ্য প্রচার বা প্রকাশ থেকে সকলকে বিরত থাকার নির্দেশনা দেওয়া যাচ্ছে অন্যথায় এধরণের কর্মকাণ্ডের সাথে জড়িতদের বিরুদ্ধে আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য, Bangladesh Securities and Exchange Commission (Research Analysis) Rules, 2013 এর অধীনে শুধুমাত্র একজন রিসার্চ অ্যানালিস্ট (Research Analyst) পুঁজিবাজারের বিভিন্ন বিষয়ে গবেষণা ও অ্যানালাইসিসের মাধ্যমে সংশ্লিষ্ট বিষয়ে পূর্বাভাস কিংবা ভবিষ্যদ্বাণী করতে পারেন। রিসার্চ অ্যানালিস্ট ব্যতীত অন্য কেউ যদি এধরণের তথ্য প্রচার করেন বা পূর্বাভাস দেন তার মাধ্যমে আইনের ব্যত্যয় ঘটিবে।

সর্বোপরি, উদ্দেশ্য প্রণোদিতভাবে ভিত্তিহীন গুজব ও অসত্য তথ্য ছাড়ানো ব্যক্তিদের এই মর্মে সতর্ক করা যাচ্ছে যে, যারা গুজব বা অসত্য তথ্য প্রকাশ বা প্রচারে জড়িত রয়েছেন তাদের বিরুদ্ধে অবিলম্বে যথাযথ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে তাদের তাৎক্ষণিকভাবে আইনের আওতায় আনা হবে। যে বা যারা পুঁজিবাজারের বিভিন্ন বিষয়ে ভিত্তিহীন গুজব ও অসত্য তথ্য ছাড়াচ্ছে কিংবা বাজার সম্পর্কে ভিত্তিহীন পূর্বাভাস প্রচারের মাধ্যমে বিনিয়োগকারীদের বিভ্রান্ত করার চেষ্টা করছে তাদের তালিকা প্রস্তুত করা হচ্ছে এবং দ্রুতই তাদের বিরুদ্ধে বিএসইসি কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে। দেশের পুঁজিবাজারের বিনিয়োগকারীগণকে এধরণের গুজব বা অপপ্রচারে বিভ্রান্ত না হওয়ার জন্য পরামর্শ দেওয়া যাচ্ছে।

১৫০০০০
০৭-১১-২০২৪

মোহাম্মদ রেজাউল কারিম

নির্বাহী পরিচালক ও মুখ্যপত্র